# প্রবাসী কল্যাণ ব্যাংক

## প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।


ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email: info@pkb.gov.bd


পরিপত্র নং-২০/২০২২ (সংশোধিত) তারিখঃ ২৯.১২.২০২২

বিষয়ঃ <u>অগ্রণী ব্যাংকের সাথে প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণের কিস্তি কালেকশন সার্ভিসের বিষয়ে প্রদত্ত নির্দেশমালা প্রদান প্রসঙ্গে।</u>

অগ্রণী ব্যাংকের সাথে প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণের কিস্তি কালেকশন সার্ভিসের বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১০ নভেম্বর ২০২০ ইং তারিখে সকাল ১০.০০ টায় “কালেকশন সার্ভিস” চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সংঘটিত হয়। প্রবাসী কল্যাণ ব্যাংকের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন ড. মোঃ মাজহারুল হক, বিভাগীয় প্রধান, আইটি বিভাগ এবং অগ্রণী ব্যাংক লিমিটেডের পক্ষে স্বাক্ষর করেন জনাব জাকিয়া বেগম, মহাব্যবস্থাপক, বিভাগীয় প্রধান, পিসিএমডি বিভাগ। উক্ত চুক্তি প্রবাসী কল্যাণ ব্যাংক গ্রাহকদের ঋণের কিস্তি অগ্রণী ব্যাংক লিমিটেড এর শাখাসমূহ এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে সংগ্রহের নিমিত্তে গত ১০.১১.২০২০ তারিখে ০২ (দুই) বছর মেয়াদি দ্বিপাক্ষিক চুক্তি ০৯.১১.২০২২ তারিখে উত্তীর্ণ হওয়ায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সম্পাদিত চুক্তিনামার শর্ত/ধারাসমুহ অপরিবর্তিত রেখে চুক্তিনামার মেয়াদ আরও ০২ (দুই) বছর অর্থাৎ ১০.১১.২০২২ হতে ০৯.১১.২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

উক্ত চুক্তির ফলশ্রুতিতে প্রবাসী কল্যাণ ব্যাংকের গ্রাহকগণের ঋণের কিস্তি পরিশোধের সুবিধার্থে অগ্রণী ব্যাংক এর শাখাসমূহ এবং এজেন্টপয়েন্টসমূহের দ্বার উন্মুক্ত থাকবে। অগ্রণী ব্যাংকের শাখাসমূহ এবং এজেন্টপয়েন্টসমূহের মাধ্যমে প্রবাসী কল্যাণ ব্যাংকের দেশব্যাপী ঋণের কিস্তি আদায়ের প্রক্রিয়া নিম্নরূপ;



প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।
ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email: info@pkb.gov.bd

১। পিকেবির সকল গ্রাহকদের পূর্ণ তালিকার সফট কপি (এক্সেল/ সি.এস.ভি. ফরম্যাট) প্রতি মাসের প্রথম কার্যদিবসে পিকেবির প্রধান কার্যালয়ের আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট হতে অগ্রনী ব্যাংক বরাবর প্রেরণ।

২। অগ্রণী ব্যাংক গ্রাহকদের পূর্ণ তালিকার সফট কপি (এক্সেল/ সি.এস.ভি. ফরম্যাট) টি তাদের সিস্টেম এ আপলোড করবে।

৩। পিকেবি তার সকল শাখার মাধ্যমে সকল ঋণগ্রাহকদের অগ্রণী ব্যাংকের মাধ্যমে টাকা জমা দেওয়ার প্রক্রিয়া সংক্রান্ত তথ্য সংক্রান্ত লিফটেট সরবরাহ করবে।

৪। ঋণগ্রাহকগণ ক্লাইন্ট ইনফরমেশন স্লীপ এবং অগ্রণী ব্যাংকের জমা স্লীপ/P.O.S. স্লীপ পূরণ করে অগ্রণী ব্যাংকে/ এজেন্টপয়ন্টসমূহে ঋণের কিস্তি জমা দিবে।

প্রবাসী কল্যাণ ব্যাংকের গ্রাহকের তথ্যের স্লিপ (সংযুক্ত করা হয়েছে) নিম্নলিখিত ৪ টি পয়েন্টে পাওয়া যাবে-

- প্রবাসী কল্যাণ ব্যাংকের শাখাসমূহে
- প্রবাসী কল্যাণ ব্যাংকের ওয়েবসাইটে
- অগ্রণী ব্যাংকের শাখাসমূহে
- অগ্রণী ব্যাংকের এজেন্টপয়েন্টসমূহে

৫। প্রতিদিন সকালে নির্দিষ্ট সময়ে পিকেবি গ্রাহকদের জমা সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে অগ্রণী ব্যাংক কর্তৃক পিকেবির প্রধান কার্যালয়ের আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট এ প্রেরণ করবে। এছাড়াও অগ্রণী ব্যাংকের অনুমোদিত অনলাইন ব্যাংকিং সিস্টেম/ওয়েবপোর্টালের মাধমে পিকেবি যেকোন সময় কিস্তি আদায়ের তথ্য সংবলিত রিপোর্ট সংরক্ষণ করতে পারবে। নিম্নে অগ্রণী ব্যাংকের সিস্টেম হতে প্রাপ্ত এক্সেল কপির একটি উদাহরণ দেওয়া হলো-

| SL | Loancode | Member Name | Father Name | Installment Amount | Mobile Number | Date-Time |
|---|---|---|---|---|---|---|
| 1 | 192120073244 | Mr. A | Mr. X | 10355 | 1743508992 | 12/26/2022 11:12:00 AM |
| 2 | 132120076834 | Mr. B | Mr. Y | 16000 | 1313921804 | 12/26/2022 12:42:00 PM |
| 3 | 132120089956 | Mr. C | Mr. Z | 16000 | 1775708988 | 12/26/2022 2:22:00 PM |
| 4 | 132120069449 | Mr. D | Mr. H | 16000 | 1753298300 | 12/26/2022 2:23:00 PM |

৬। অগ্রণী ব্যাংক হতে সকল ঋণগ্রহিতার কিস্তি আদায়ের লেনদেন সংক্রান্ত প্রাপ্ত রিপোর্ট পিকেবির প্রধান কার্যালয়ের আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট/কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক পিকেবি সিস্টেম এ স্বয়ংক্রিয় পোস্টিং দেওয়া হবে।

৭। পিকেবির কেন্দ্রীয় হিসাব বিভাগ আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত স্বয়ংক্রিয় পোস্টিংসমূহ অগ্রণী ব্যাংকের রিপোর্ট এর সাথে যাচাই-বাচাইপূর্বক অ্যাপ্রুভ করবে এবং এর বিপরীতে ইয়োলো ভাউচার সংরক্ষণ করবে।

৮। পিকেবির সকল শাখা পিকেবি সফটওয়ারে পোস্টিং অনুযায়ী তাদের নিজ নিজ ঋণগ্রহিতাদের কিস্তি আদায়ের লেনদেনসমূহের সঠিকতা নিশ্চিতপূর্বক ভাউচার সংরক্ষণ করবে।

৯। প্রতি মাসে পিকেবির কেন্দ্রীয় হিসাব বিভাগ কোন প্রকার ভুল-ত্রুটি সংশোধন ও অন্যান্য জটিলতা নিরশনের জন্য একটি রিকনসিলিয়েশন স্টেটমেন্ট প্রস্তুত করবে।

# প্রবাসী কল্যাণ ব্যাংক

## প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।

ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email: info@pkb.gov.bd


**শাখাসমূহের কার্যাবলীঃ**

- পিকেবির শাখাসমূহ গ্রাহকদের ঋণ হিসাব নং এবং অগ্রণী ব্যাংকের যে হিসাবে কিস্তির টাকা জমা দেওয়া যাবে তার এস.এন.ডি. হিসাব নং সরবরাহ করবে। অধিকন্তু, এস.এন.ডি. হিসাব নং প্রবাসী কল্যাণ ব্যাংকের গ্রাহকের তথ্যের স্লিপে থাকবে।
- ঋণগ্রাহকগণ প্রবাসী কল্যাণ ব্যাংকের গ্রাহকের তথ্যের স্লিপ পূর্বোল্লিখিত পয়েন্টসমূহ হতে সংগ্রহ করতে পারবে।
- ঋণগ্রাহকগণ তথ্যের স্লিপ অগ্রণী ব্যাংকের নীতি অনুযায়ী কাটাছেড়া, ওভাররাইটিং না করে যথাযথভাবে পূরণ করবে ।
- অগ্রণী ব্যাংকের শাখাসমূহের মাধ্যমে ঋণের কিস্তি জমা করার সময় গ্রাহকগণ পিকেবির তথ্যের স্লিপের সাথে সাথে অগ্রণি ব্যাংকের জমা রশিদও পূরণ করবে । গ্রাহকগণ যদি অগ্রণী ব্যাংকের এজেন্ট এর মাধ্যমে ঋণের কিস্তি জমা দেয় সেক্ষেত্রে পিকেবির গ্রাহকের তথ্যের স্লিপের সাথে সাথে অগ্রণি ব্যাংকের এজেন্ট কর্তৃক প্রদত্ত জমা রশিদও পূরণ করবে।
- গ্রাহকগণ পিকেবির ঋণের কিস্তি পরিশোধ করার ক্ষেত্রে সতর্কতার সাথে ব্যাংকের লেনদেন সময়সীমা অনুসরণ করবে যা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনামাফিক পরিবর্তনশীল।
- গ্রাহকগণ সঠিকভাবে পূরণকৃত স্লিপের মাধ্যমে কিস্তি জমা করবে এবং ভবিষ্যৎ অনুসন্ধানের জন্য গ্রাহক কপি/রিসিপ্ট কপি যথাযথভাবে সংরক্ষণ করবে। উল্লেখ্য, এজেন্ট এর মাধ্যমে ঋণের কিস্তি জমার ক্ষেত্রে গ্রাহকগণ এজেন্ট এর কাছ থেকে পি.ও.এস.(P.O.S.) স্লিপ গ্রহণ করবে এবং সংরক্ষণ করবে।

পিকেবি এবং অগ্রণী ব্যাংকের চুক্তি বাস্তবায়নে প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপ এবং শাখার করণীয়সমূহ-

- ঋণের কিস্তি জমা করার উদ্দেশ্যে অগ্রণী ব্যাংকের হোটেল ইন্টারকন্টিনেন্টাল কর্পোরেট শাখা, ঢাকায় চুক্তি অনুযায়ী "প্রবাসী কল্যাণ ব্যাংক" শিরোনামে একটি হিসাব খোলা হয়েছে
- প্রবাসী কল্যাণ ব্যাংক কে প্রথমবারের মত তাদের সকল গ্রাহকদের পূর্ণ তালিকার সফট কপি (এক্সেল/ সি.এস.ভি. ফরম্যাট) অগ্রনী ব্যাংক বরাবর প্রেরণ করতে হবে।
- প্রথমবারের পর, প্রতি মাসে পিকেবি কে গ্রাহকদের হালনাগাদ তালিকার (নতুন গ্রাহকদের তথ্য এবং বর্তমান গ্রাহকদের হালনাগাদ তথ্য) সফট কপি (এক্সেল/ সি.এস.ভি. ফরম্যাট) অগ্রনী ব্যাংকসরবরাহ করতে হবে।
- পিকেবি অগ্রণী ব্যাংককে পিকেবির ক্লাইন্ট ইনফরমেশন স্লীপের একটি ফরম্যাট এর সফটকপি সরবরাহ করবে। অগ্রণী ব্যাংক তার শাখাসমূহকে এবং এজেন্ট পয়েন্টসমূহে এটি সরবরাহ করবে।
- পিকেবি এর সকল শাখাকে অবশ্যই ঋণের কিস্তি আদায়ের জন্য গ্রাহকদের ক্লাইন্ট ইনফরমেশন স্লিপ সরবরাহ করবে যার ফরম্যাট এর সফটকপি প্রধান কার্যালয়ের আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট কর্তৃক প্রেরিত হবে। স্লিপটি গ্রাহকগণ পিকেবি ওয়েবসাইট থেকেও সংগ্রহ করতে পারবে।
- পিকেবি এর আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট কর্তৃক অবশ্যই অগ্রণী ব্যাংককে দৈনন্দিন লেনদেনের তালিকার একটি ফরম্যাট সরবরাহ করবে এবং অগ্রণী ব্যাংক পিকেবি এর দেওয়া ফরম্যাট অনুযায়ী দৈনন্দিন লেনদেনের তালিকার ওয়েব পোর্টাল প্রেরণ করবে।

কমিশন এবং ফিঃ

- অগ্রণী ব্যাংকের শাখা সমূহে পিকেবি গ্রাহকদের কিস্তি জমাদানের ক্ষেত্রে কোন চার্জ দিতে হবেনা।
- অগ্রণী ব্যাংকের এজেন্টপয়েন্টসমূহে পিকেবি গ্রাহকদের কিস্তি জমাদানের ক্ষেত্রে এজেন্টগণ কিস্তি প্রতি ২৫ টাকা (ভ্যাট/ট্যাক্স সহ) চার্জ করবে।

# প্রবাসী কল্যাণ ব্যাংক
## প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা।
ফোনঃ +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্সঃ +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email: info@pkb.gov.bd


হিসাবায়ন পদ্ধতিঃ

প্রধান কার্যালয়ের ক্ষেত্রেঃ

পিকেবির প্রধান কার্যালয়ের আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট কর্তৃক অগ্রণী ব্যাংকের ওয়েব পোর্টাল হতে প্রদত্ত পিকেবি ঋণ গ্রাহকদের সকল ঋণের ক্ষেত্রে ঋণের কিস্তি আদায় সংক্রান্ত তথ্যের এক্সেল কপির বিপরীতে প্রদত্ত স্বয়ংক্রিয় পোস্টিংসমূহ অগ্রণী ব্যাংকের রিপোর্ট এর সাথে যাচাই-বাচাইপূর্বক অ্যাপ্রুভ করবে এবং এর বিপরীতে ইয়োলো ভাউচার সংরক্ষণ করবে।

পিকেবির প্রধান কার্যালয়ের আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট থেকে ঋণ গ্রাহকের ঋণের কিস্তি পরিশোধের মেইল পাওয়ার পর Migration Loan (90100000151), Rehabilitation Loan (90100000153), BANGABANDHU OVIBASI BRIHOT PORIBAR LOAN (90100000152), SPECIAL REHABILITATION LOAN (90100000154), PORBASHI KALLYAN GENERAL LOAN (90100000155), SELF EMPLOYMENT LOAN (90100000159), WOMEN REHABILITATION LOAN (90100000160) এবং WOMEN MIGRATION LOAN (90100000161) ঋণ এর কিস্তির পোস্টিং সিবিএস সফটওয়ারের ৭০৫৪ পাথ রিমোট ব্রান্স ট্রান্সফার এ নিম্নলিখিত পোস্টিং দিতে হবেঃ

AGRANI BANK LIMITED, HOTEL INTERCONTINENTAL BRANCH (90100000390)----Dr
Client Loan A/C --------------------------------------------------------------------------------------------------Cr

**শাখার ক্ষেত্রেঃ**
পিকেবির প্রধান কার্যালয়ের পোস্টিং এর পর প্রতি কার্যদিবসে শাখা কর্তৃক সংশ্লিষ্ট শাখার কোন কিস্তি আদায় হলে উক্ত শাখা ঋণের কিস্তি আদায়ের ভাইউচার প্রিন্ট দিয়ে সংরক্ষণ করবে।

বিশেষ দ্রস্টব্যঃ **পরিপত্রটি ০১.০১.২০২৩ তারিখ হতে কার্যকর হবে।** এই পরিপত্রের কোন সংশোধন ,পরিমার্জন ও সংস্করণ করা হলে তা সময়ে সময়ে জানানো হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৯/০২/২০২৬

(মোঃ হারুন অর রশীদ)
উপমহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
(বিকল্প দায়িত্বে)

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক

অনুলিপি-
১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস এন্ড এমআইএস ডিপার্টমেন্ট, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অঞ্চল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক।
৬।অফিস কপি।